



বাংলাদেশ ব্যাংক  
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)



বিজ্ঞপ্তি নং : ৪৯/২০২০

তারিখ : ১৫ আশ্বিন ১৪২৭  
৩০ সেপ্টেম্বর ২০২০

স্থগিতকৃত লিখিত পরীক্ষা গ্রহণ প্রসঙ্গেঃ  
'সিসিটিভি অপারেটর' এবং 'সিসিটিভি টেকনিশিয়ান'

উপর্যুক্ত বিষয়ে ২২/০৩/২০২০ তারিখের বিজ্ঞপ্তি নং-২৯/২০২০ এর সূত্রে 'সিসিটিভি অপারেটর' এবং 'সিসিটিভি টেকনিশিয়ান' পদের লিখিত পরীক্ষা স্থগিত করা হয়েছে। এক্ষণে, সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে জানানো যাচ্ছে যে স্থগিতকৃত উক্ত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়ে ঢাকাস্থ ০১টি কেন্দ্রে অনুষ্ঠিত হবেঃ

পরীক্ষার তারিখ	পদের নাম	পরীক্ষার সময়	পরীক্ষার কেন্দ্র
১৬/১০/২০২০ শুক্রবার	সিসিটিভি অপারেটর	সকাল ১০ঃ০০টা হতে ১১ঃ০০টা পর্যন্ত ০১ ঘন্টা ব্যাপী	বাংলাদেশ ব্যাংক উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০।
	সিসিটিভি টেকনিশিয়ান	বিকাল ০৩ঃ০০টা হতে ০৪ঃ০০টা পর্যন্ত ০১ ঘন্টা ব্যাপী	

০২। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ০৫/১০/২০২০ তারিখ থেকে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ([erecruitment.bb.org.bd](http://erecruitment.bb.org.bd)) হতে সংগ্রহ করতে হবে।

০৩। পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরু কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০৪। পরীক্ষার হলে প্রবেশপত্রের একটি কপি ব্যতীত কোন ধরণের কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর স্মার্টওয়াচ ও অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

০৫। লিখিত পরীক্ষার জন্য আগত প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/-  
(কাজী আকতারুল ইসলাম)  
মহাব্যবস্থাপক